

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮০২(আগরতলা, ১৯।০২)

বিলৌনীয়া, ১৯ ফেব্রুয়ারি, ২০২০

**কৃষকদের অবস্থার উন্নয়নের লক্ষ্যে কেন্দ্র ও রাজ্য
সরকার যৌথভাবে কাজ করছে : কৃষিমন্ত্রী**

আজ থেকে বিলৌনীয়া টাউনহল প্রাঙ্গণে তিনদিনব্যাপী দক্ষিণ জেলাভিত্তিক কিশাণ মেলা এবং সজ্জি ও পুস্প প্রদর্শনী শুরু হয়েছে। বিকালে মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের মন্ত্রী প্রণজিৎ সিংহরায় বলেন, কৃষকদের আর্থিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে কেন্দ্রীয় সরকার ১৫টি গুচ্ছ প্রকল্প হাতে নিয়ে কাজ করছে। কৃষকদের অবস্থার উন্নতি না হলে দেশের অর্থনৈতিক উন্নতি হবে না। এজন্য তাদের অবস্থার উন্নয়নের লক্ষ্যে কেন্দ্র ও রাজ্য সরকার যৌথভাবে কাজ করছে। বৈজ্ঞানিক পদ্ধতিকে কাজে লাগিয়ে কৃষিজাত পণ্যের উৎপাদন বাড়ানোর উপর গুরুত্বারোপ করে কৃষিমন্ত্রী বলেন, রাজ্যে কৃষি জমির মাটির পরীক্ষা করার জন্য রাজ্য সরকার উদ্যোগ নিয়েছে। কৃষকদের আর্থিক অবস্থার উন্নয়নের জন্য রাজ্য সরকার দৃঢ় প্রতিজ্ঞ। এজন্য কৃষকদের কাছ থেকে ধান কেনা সহ নানা ধরনের উদ্যোগ নেওয়া হয়েছে। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের অধিকর্তা ড. দেবপ্রসাদ সরকার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সহকারি সভাপতি বিভীষণ চন্দ্র দাস। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক শংকর রায়, বিলৌনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন শুক্লা দেব সরকার, দক্ষিণ জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধন প্রমুখ। মেলা প্রতিদিন দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত চলবে। প্রতি সন্ধ্যায় হবে সাংস্কৃতিক অনুষ্ঠান এবং বিজ্ঞান ভিত্তিক চাষের উপর আলোচনাচক্র। মেলায় ১২টি প্রদর্শনী মন্ডপ খোলা হয়েছে।
